REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 15–03–2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

(১) নির্বাচন কমিশন আগামীকাল লোকসভা নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করবে ।

(২) ঊনকোটি জেলার সতেরোমিয়া হাউরে ইন্টিগ্রেটেড একোয়া পার্ক নির্মানে কেন্দ্রীয় সরকার ৯৯ কোটি ৯৯ লক্ষ টাকার প্রকল্পের অনুমোদন দিয়েছে ।

(৩) কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ করবুকে কৃষি উন্নয়ন গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করেন ।

(৪) পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রী, হরদীপ সিং পুরি আজ নতুন দিল্লিতে একটি বিকল্প স্বয়ংক্রিয় জ্বালানী ইথানল 100 ব্যবহারের সূচনা করেন ।

****

ECI :

নির্বাচন কমিশন আগামীকাল লোকসভা নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করবে। নতুনদিল্লির বিজ্ঞান ভবনে বিকেলে এই ঘোষণা করা হবে। লোকসভা নির্বাচনের পাশাপাশি, কমিশন কিছু রাজ্যে বিধানসভা নির্বাচনের সময়সূচীও ঘোষণা করবে। উল্লেখ্য, চলতি বছরের ১৬ই

জুন বর্তমান লোকসভার মেয়াদ শেষ হবে। ২০১৯ সালে, এপ্রিল এবং মে মাসে সাতটি ধাপে লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। আশা করা হচ্ছে, এবারও এপ্রিল ও মে মাসে কয়েকটি ধাপে ভোটগ্রহণ করা হবে।

গত লোকসভা নির্বাচনে, বিজেপি দেশের ৫৪৩টি সংসদীয় আসনের মধ্যে ৩০৩টি আসন পেয়ে জয়ী হয়েছিল। এখনও পর্যন্ত, শাসক দল ২৬৭ জন প্রার্থী ঘোষণা করেছে এবং প্রধান বিরোধী কংগ্রেস আসন্ন লোকসভা নির্বাচনের জন্য ৮২জন প্রার্থীর নাম ঘোষণা করেছে। বাম, টিএমসি, আম আদমি পার্টি এবং অন্যান্য কয়েকটি দলও বেশ কয়েকটি লোকসভা আসনের জন্য তাদের প্রার্থীদের নাম ঘোষণা করেছে।

****

Election Commissioner :

অবসরপ্রাপ্ত IAS অফিসার জ্ঞানেশ কুমার এবং সুখবীর সিং সান্ধু নির্বাচন কমিশনার হিসাবে দায়িত্বভার গ্রহণ করেছেন। উল্লেখ্য, অনুপ চন্দ্র পান্ডের অবসর গ্রহণ এবং অরুণ গোয়েলের পদত্যাগের পর দুই নির্বাচন কমিশনারের পদ শূন্য ছিল।

****

Fishary Minister :

রাজ্য সরকারের প্রস্তাব অনুযায়ী ঊনকোটি জেলার সতেরোমিয়া হাউরে ইন্টিগ্রেটেড একোয়া পার্ক নির্মানে কেন্দ্রীয় সরকার ৯৯ কোটি ৯৯ লক্ষ টাকার প্রকল্পের অনুমোদন দিয়েছে। মৎস্য মন্ত্রী সুধাংশু দাস আজ মহাকরণে সাংবাদিক সম্মেলনে এই সংবাদ জানিয়ে বলেন, কেন্দ্রীয় সরকার প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনার আওতায় এই

প্রকল্পের জন্য প্রথম কিস্তি বাবদ কেন্দ্রীয় অংশ হিসাবে ৪২ কোটি ৩৯ লক্ষ ৯৪ হাজার টাকা অনুমোদন করেছে। রাজ্যের অংশ হিসাবে রাজ্য থেকে ৪ কোটি ২৪ লক্ষ টাকা দেওয়া হবে। তিনি জানান, সতেরোমিয়া হাউর এলাকায় ১১৫ দশমিক ৮৩ একর জমিতে এই ইন্টিগ্রেটেড একুয়া পার্ক গড়ে তোলা হবে। যেখানে বিভিন্ন ধরনের মাছ চাষ করা হবে। মাছের পোনা উৎপন্ন করা হবে, মাছের রেনু সংগ্রহ করা হবে, মাছের রোগ নির্ণয়ে ল্যাব করা হবে। হাউরের মাঝখানে জলাশয়ে একটি আধুনিক রেষ্টুরেন্ট করা হবে। মৎস্য চাষী ও মৎস্য বিষয়ে পড়াশুনায় ছাত্রছাত্রীদের জন্য এখানে হোস্টেলের ব্যবস্থা থাকবে। তিনি বলেন, এর মাধ্যমে প্রচুর কর্মসংস্থানের সুযোগ হবে। এলাকাবাসীও নানাভাবে উপকৃত হবে। তিনি বলেন, এছাড়া ভারত সরকার ১০০টি মৎস্য বাহিনী অর্থাৎ পরিবেশ বান্ধব ভ্রাম্যমান মৎস্য বিক্রয় ব্যবস্থার মৎস্য ই-রিক্সার জন্য অর্থ মঞ্জুরি দিয়েছে। প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনায় এইসব প্রকল্প রূপায়িত হবে। তিনি জানান, ডম্বুর জলাশয় সহ রাজ্যের অন্যান্য জলাশয়গুলির উন্নয়নে মৎস্য দপ্তর উদ্যোগ নিয়েছে। তিনি জানান, রাজ্যের ৯৫ শতাংশ নাগরিকই মৎস্য ভোজী। চাহিদার ৩০ শতাংশ মাছ বাইরে থেকে আমদানি করতে হয়। মাছের ঘাটতি পূরণে ঊনকোটি জেলার সতেরোমিয়া হাউরে মৎস্য চাষ প্রকল্প সহায়তা করবে। সাংবাদিক সম্মেলনে মৎস্য দপ্তরের প্রধান সচিব ও অধিকর্তা উপস্থিত ছিলেন।

****

Agriculture Minister :

কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ করবুকে কৃষি উন্নয়ন গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করেন। এই কৃষি উন্নয়ন গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র ভবনটি নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ৭০ লক্ষ ৫০ হাজার টাকা। তিনি আজ শিলাছড়ি প্রাথমিক গ্রামীণ বাজারেরও

উদ্বোধন করেন। এই বাজারটি নির্মাণে ব্যয় হয়েছে ৬০ লক্ষ টাকা। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে কৃষিমন্ত্রী রাজ্যের কৃষকদের সার্বিক উন্নয়নে রাজ্য সরকারের গৃহিত পদক্ষেপ বিস্তারিত উল্লেখ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা, শিলাছড়ি ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান থৈঙ্গ মগ ও করবুক ব্লক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা।

****

Health-press meet :

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীন জাতীয় পতঙ্গ বাহিত রোগ নিয়ন্ত্রণ প্রকল্পের উপর তিনদিন ব্যাপী আঞ্চলিক পর্যালোচনা মূলক আলোচনা সভার দ্বিতীয় দিনে আজ প্রজ্ঞা ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের জাতীয় পতঙ্গ বাহিত রোগ বিভাগের যুগ্ম সচিব রাজীব মাঁঝি রাজ্যে ম্যালেরিয়া, ডেঙ্গু, চিকনগুনিয়া ও জাপানি এন্‌কেফেলাইটিস ইত্যাদি রোগ প্রতিরোধে আরো কি কি পদক্ষেপ নেওয়া যেতে পারে ও জনসাধারণের কাছে উন্নত স্বাস্থ্য পরিষেবা সঠিক সময়ে পৌঁছে দেবার বিষয়ে আলোকপাত করেন। সাংবাদিক সম্মেলনে জাতীয় স্বাস্থ্য মিশনের যুগ্ম অধিকর্তা বিনয় ভূষণ দাস বলেন রাজ্যের ধলাই জেলা সবচেয়ে বেশি ম্যালেরিয়া প্রবণ এলাকা হিসাবে চিহ্নিত। এই রোগ প্রতিরোধে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে সে সম্পর্কে সাংবাদিক সম্মেলনে বিস্তারিত উল্লেখ করেন। তিনি জানান, কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের প্রতিনিধি দল আগামীকাল ও ১৭ই মার্চ ধলাই জেলা সফর করেন। তারা ম্যালেরিয়া রোগ প্রতিরোধে

গৃহীত ব্যবস্থা খতিয়ে দেখবেন। উল্লেখ্য গতকাল প্রজ্ঞা ভবনে কেন্দ্রীয় স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রকের অতিরিক্ত সচিব তথা জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা এল এস চেংসাং আলোচনাসভার উদ্বোধন করেন।

****

Ethanol100 :

পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রী, হরদীপ সিং পুরি আজ নতুন দিল্লিতে একটি বিকল্প স্বয়ংক্রিয় জ্বালানী ইথানল 100 চালু করেছেন। শ্রী পুরী বলেন যে ইথানল 100 এর মতো সবুজ জ্বালানীর উপর এন ডি এ সরকার বিশেষ জোর দিয়েছে। ইথানল 100 দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। Ethanol100 জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমিত করতে এবং বায়ুর গুণমান উন্নত করতে সাহায্য করবে।

****

Pranajit Singha Roy :

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা পরিচালিত মিশন বাৎসল্য প্রকল্পের অধীনে সুবিধাভোগীদের অভিনন্দন জ্ঞাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন। মন্ত্রী বলেন আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ। উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের মিশন বাৎসল্য প্রকল্পের অধীনে সদ্যোজাত থেকে আঠারো বছর বয়সী, যাদের পরিবারের আর্থিক অবস্থা খুবই দুর্বল তাদের পুষ্টি, স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি ব্যয় ভার বহন করার জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়। আজ গোমতী জেলার এরকম

৩৩৩ জন সুবিধাভোগীর একাউন্টে সরাসরি অর্থ প্রদান করা হয়েছে।

উদয়পুর গোমতী জিলা পরিষদের সভাকক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিধায়ক অভিষেক দেবরায়, গোমতী জিলা পরিষদের সহকারী সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতলচন্দ্র মজুমদার, মাতাবাড়ি, টেপানিয়া ও কাকড়াবন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ ও শিশু কল্যাণ কমিটির গোমতী জেলার চেয়ারম্যান, আইনজীবী ঝুলন চন্দ্র দাস প্রমুখ উপস্থিত ছিলেন l

****

Workshop-Kailashahar :

কৈলাশহর পুর পরিষদের কনফারেন্স হলে আজ ঊনকোটি জেলায় কর্মরত সাংবাদিকদের নিয়ে জেলা যক্ষ্মা নিবারণী কেন্দ্রের উদ্যোগে যক্ষ্মা বা টি,বি রোগ নির্মূল করার বিষয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় রোগের লক্ষণ, করণীয় ইত্যাদি বিষয়ে আলোকপাত করা হয়। তাছাড়া আগামী 2025 সালের মধ্যে ঊনকোটি জেলাকে টি,বি মুক্ত জেলা হিসাবে পরিগণিত করতে গৃহীত পদক্ষেপ নিয়েও আলোচনা করা হয়।

জেলা T.B আধিকারিক ডাঃ সুভাষ বড়ুয়া জানান, ঊনকোটি জেলাতে বর্তমানে 101 জন T.B রোগি রয়েছেন। জেলায় প্রাপ্তবয়স্কদের প্রতিষেধক B.C.G ইনজেকশন দেবার কর্মধারা চলছে। এখন পর্যন্ত 433 জন B.C.G টিকা পেয়েছেন। ঊনকোটি

জেলাতে মোট 38 হাজার 517 জনকে BCG টিকা দেবার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে বলে তিনি জানান।

****

Mayor :

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ জানিয়েছেন, শহরকে যানজট মুক্ত রাখতে বটতলায় বেআইনি দখলদারদের উচ্ছেদ করা হয়েছে। এর মধ্যে ১৮ জন ব্যবসায়ীকে বিকল্প ব্যবস্থা করে দেওয়া হবে। তিনি জানান বটতলায় একটি ছোট পার্ক করা হবে। তিনি আজ বটতলা বাজারের সামনে কিছু উচ্ছেদ করা স্থান পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন কর্পোরেটর তুষার কান্তি ভট্টাচার্য, জাহ্নবী দাস চৌধুরী, নিতু দে গুহ, পুর কমিশনার শৈলেশ কুমার যাদব প্রমুখ।

****

BJP-Sepahijala :

সাংসদ বিপ্লব কুমার দেব আজ সোনামুড়া টাউন হলে এক সাংগঠনিক সভায় যোগ দেন। বিজেপি সোনামুড়া মন্ডল আয়োজিত এই সভায় তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের জনকল্যানমুখী বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে বিস্তারিত উল্লেখ করেন। এই সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বি.জে.পি সিপাহীজলা দক্ষিণাংশ কমিটির সভাপতি দেবব্রত ভট্টচার্য, সোনামুড়া মন্ডল সভাপতি বিশ্বজিৎ দাস, মাইনোরিটি মোর্চার রাজ্য সভাপতি প্রাক্তনমন্ত্রী বিল্লাল মিয়া, প্রাক্তন বিধায়ক সুভাষ চন্দ্র দাস প্রমুখ। তাছাড়া সাংসদ শ্রী দেব

আজ বিজেপি'র বক্সনগর ও ধনপুর মন্ডল আয়োজিত দুটি সাংগঠনিক সভায় অংশ গ্রহণ করেন।

****

BJP press meet :

রাজ্য বিজেপির মুখপাত্র নবেন্দু ভট্টাচার্য বলেছেন, ভারতীয় জনতা পার্টি শুধুমাত্র নির্বাচনের মধ্যে সীমাবদ্ধ থাকে না। তারা সামাজিক কর্মকান্ডে, সমাজের সার্বিক উন্নয়ন, মানব জাতির সুস্থ অগ্রগতি নিয়ে কাজ করে। আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিগুলি তুলে ধরেন তিনি। তিনি অভিযোগ করেন, বিরোধী দলগুলি রাজ্য বা রাষ্ট্রের কথা চিন্তা না করে শুধু নিজেদের স্বার্থের কথা চিন্তা করে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দলের জনজাতি মোর্চার নেতৃবৃন্দ ও মিডিয়া ইনচার্জ সুনীত সরকার।

****

Loksabha, SUCI :

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে এস ইউ সি আই (সি)র প্রার্থী হিসাবে অরুন কুমার ভৌমিকের নাম ঘোষণা করা হয়েছে দলের কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে। গতকাল পশ্চিমবঙ্গে দলের সাধারণ সম্পাদক প্রভাত ঘোষ এই নাম ঘোষণা করেন। আজ প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন এস ইউ সিআই এর রাজ্য সম্পাদক অরুন ভৌমিক। তিনি বলেন দেশের ১৯টি রাজ্যেও তিনটি কেন্দ্রশাসিত অঞ্চলে মোট ১৫১টি লোকসভা আসনে দল প্রার্থী দিয়েছে। এছাড়া অন্ধ্রপ্রদেশে পাঁচটি এবং

উড়িষ্যার ২৮টি বিধানসভা কেন্দ্রেও দলের প্রার্থীরা প্রতিদ্বন্দ্বিতা করবে।

****

Hostel :

সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত আজ সিপাহীজলা জেলার সোনামুড়ায় ৫০ শয্যা বিশিষ্ট নবনির্মিত ভগিনী নিবেদিতা তফসিলি জাতি ছাত্রীনিবাসের উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নলছড় বিধায়ক কিশোর বর্মন, সোনামুড়া মহকুমা শাসক অরূপ দেব, জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক, সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী প্রমুখ। উদ্বোধকের ভাষণে জিলা সভাধিপতি বলেন ২০৪৭ সালের মধ্যে ভারতকে বিকশিত রাষ্ট্রে পরিণত করার লক্ষ্যে পুরুষদের পাশাপাশি মহিলাদেরও এগিয়ে আসতে হবে। তিনি বলেন বর্তমান রাজ্য ও কেন্দ্রীয় সরকার মহিলাদের গুরুত্ব দিচ্ছে। কারণ মহিলারা শক্তিশালী হলেই দেশ ও সমাজ শক্তিশালী হবে।

****

Marijuana :

খোয়াই থানার ওসি সুবীর মালাকারের নেতৃত্বে একদল পুলিশ ও সিআরপিএফ জওয়ান আজ সকালে গোপন খবরের ভিত্তিতে খোয়াই আগরতলা সড়কের বেলফাং এলাকায় বহিঃ রাজ্য থেকে আসা একটি লরিকে আটক করে। পরে লরির চাকা খুলে টায়ার এর ভেতর থেকে শতাধিক শুকনো গাঁজার প্যাকেট উদ্ধার করা হয়। গাড়িটিতে তল্লাশি চালিয়ে মোট ১৫৩ কেজি গাজা উদ্ধার হয়। এই ঘটনায় পুলিশ লরির চালক এবং সহ চালককে আটক

করে। তাদের বিরুদ্ধে এন ডি পি এস ধারায় একটি মামলা নেয় খোয়াই থানার পুলিশ।

****

Assam rifles :

পশ্চিম ত্রিপুরা জেলার হেজামারার একটি গুদামে অভিযান চালিয়ে আজ ৬২০ কেজি গাঁজা বাজেয়াপ্ত গাঁজা বাজেয়াপ্ত করেছে আসাম রাইফেলস। আসাম রাইফেলসের পক্ষ থেকে জন সংযোগ আধিকারিক জানিয়েছেন, বাজেয়াপ্ত গাঁজার মূল্য ২ কোটি ৮০ লক্ষ টাকা।

****

Jomatia Hoda puja :

উদয়পুরে আজ জমাতিয়া হদার উদ্যোগে ঐতিহ্যবাহী চৈত্র পূজা অনুষ্ঠিত হয়। উদয়পুর শিববাড়ি মন্দির এবং মাতাবাড়ি ত্রিপুরেশ্বরী মন্দিরে পূজার দায়িত্বে ছিলেন জমাতিয়া হদা অক্রা। এই উপলক্ষে উদয়পুরে দুটি মন্দির প্রাঙ্গনে মেলা বসে।

জমাতিয়া হদা অক্রা ভুবন মোহন জমাতিয়া জানান, গড়িয়া পূজা উপলক্ষে গড়িয়া দেবতাকে আমন্ত্রণ হিসেবে প্রতি বছর চৈত্র মাসের প্রথম দিনে এই পূজার আয়োজন করা হয়। তথ্য অনুযায়ী এ বছর তাদের এই পূজা ৪৩৪তম বছর। শিব মন্দির এবং ত্রিপুরেশরি মন্দিরে পুজোর পর ক্রমান্বয়ে তিন দিন চলে গঙ্গা পূজা। শনিবার উদয়পুরের পিত্রা এলাকায় গোমতী নদীতে গঙ্গা পূজা হবে। রবিবার একই পূজা হবে জম্পুই এলকার বুড়িমা নদীতে। সোমবার তেলিয়ামুড়ার কল্যাণপুর ময়াল এর খোয়াই নদীতে হবে পূজা। জল এবং স্থলে গড়িয়া দেবীকে এইভাবে

আমন্ত্রণ করা হয় এই পুজোর মাধ্যমে। চৈত্র মাসের শেষ দিনে হবে গড়িয়া পূজা।

****

Belonia Senior Cricket :

বিলোনিয়া মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত সিনিয়র ডাবল লীগ কাম নক আউট ক্রিকেট টুর্নামেন্টের দ্বিতীয় ম্যাচে বিলোনিয়ার ওয়াই সি সি ৪ উইকেটে জয়লাভ করল। আজ বিদ্যাপীঠ মাঠে আয়োজিত এই ম্যাচে প্রথমে ব্যাট করতে নেমে বড়পাথরীর ইয়ুথ ফোরাম ২৪ ওভারে ৪ বলে সব উইকেট হারিয়ে ১১৩ রান সংগ্রহ করে। জবাবে বিলোনিয়া ওয়াই সিসি ২৩ ওভার ১ বলে ৬ উইকেট হারিয়ে ১১৬ রান তুলে জয়লাভ করে।

****

Super Division :

টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার একদিনের সীমিত ওভারের আসরে আজ দুটি খেলা হয়। এতে সংহতি ক্লাব ও ইউনাইটেড ফ্রেন্ডস জয়লাভ করেছে। নরসিংগড়ের টিআইটি মাঠে অনুষ্ঠিত খেলায় সংহতি ক্লাব ৭ উইকেটে জয়নগর ক্রিকেট ক্লাবকে এবং পিটিএ মাঠে ইউনাইটেড ফ্রেন্ডস ৫ উইকেটে ব্লাডমাউথ ক্লাবকে পরাজিত করে।

****

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ

চৌত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন কুড়ি ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল তেত্রিশ দশমিক ছয় ডিগ্রী এবং সর্বনিম্ন একুশ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস।

****